



নং: ১১.০০.০০০০.৩৯১.১৪.১০২.১২.৬০৭

তারিখ: ০২/০৫/২০২৩ খ্রি.

বিষয়: টেন্ডার ডেটাবেজ-এর তথ্য সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) বরাবর প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, ক্রয় প্রক্রিয়া সহজ ও গতিশীল করার জন্য ই-জিপি সিস্টেমে টেন্ডার ডেটাবেজ মডিউল অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মাধ্যমে টেন্ডাররগণ তাঁদের কাজের অভিজ্ঞতা, কাজের বিল পরিশোধের সনদ, যন্ত্রপাতি, লোকবল, এওয়ার্ড/সার্টিফিকেশন/এফিলেয়েশন এবং মামলা-মোকদ্দমা সংক্রান্ত তথ্যাদি ই-জিপি সিস্টেমে সংরক্ষণ করতে পারবেন। প্রয়োজনানুযায়ী ক্রয়কারীগণও ই-জিপি সিস্টেমে টেন্ডাররদের কাজের অভিজ্ঞতা, কাজের বিল পরিশোধের সনদ এবং মামলা-মোকদ্দমা সংক্রান্ত তথ্যাদি যাচাই/সংযোজন করতে পারবেন।

উল্লেখ্য, টেন্ডার ডেটাবেজে সংরক্ষিত তথ্যাদি ব্যবহার করে টেন্ডাররগণ পরবর্তীতে দরপত্র প্রস্তুত করতে পারবেন এবং দরপত্র মূল্যায়ন কমিটি সংরক্ষিত তথ্যাদি ব্যবহার করে সহজে দরপত্র মূল্যায়নের কাজ সম্পাদন করতে পারবে।

ইতোমধ্যে সিপিটিইউ-তে টেন্ডার ডেটাবেজ-এর তথ্য সংযোজনের কার্যক্রম শুরু করা হয়েছে। বিভিন্ন সময় মতবিনিময় সভার মাধ্যমে জানা যায় যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কেন্দ্রীয় একটি টেন্ডার ডেটাবেজ আছে। এ টেন্ডার ডেটাবেজে তথ্য সিপিটিইউ এর ই-জিপি সিস্টেমের সাথে integration করা হলে এটি আরও সমৃদ্ধ হবে। এমতাবস্থায়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের টেন্ডার ডেটাবেজ-এর তথ্য সংযুক্ত ফরম্যাট অনুযায়ী সিপিটিইউ-তে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: টেন্ডার ডেটাবেজ-এর তথ্য প্রদানের ফরম্যাট।

প্রধান প্রকৌশলী


জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি

কাকরাইল, ঢাকা-১০০০।

(দৃ. আ. নির্বাহী প্রকৌশলী, ঢাকা বিভাগ, ৯/এ ডা: ইব্রাহিম

সরগী, সেগুনরাগিচা, ঢাকা-১০০০)


০২/০৫/২০২৩

(মোঃ মেজবাবুল হোসেন)

উপ-পরিচালক

ফোন: ৪৮১১৯৩৭৮

ই-মেইল: cptudd1@cptu.gov.bd

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৩. অফিস কপি।